

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১০

আগরতলা, ২৫ এপ্রিল, ২০২৪

রাজভবনে বিশ্ব ম্যালেরিয়া দিবস উদযাপন



রাজভবনের সোলাঙ্কি হলে আজ বিশ্ব ম্যালেরিয়া দিবস পালন অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু। অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, ম্যালেরিয়া নিয়ন্ত্রণ এবং নির্মূল করার জন্য সচেতনতা তৈরী করতে প্রতি বছর বিশ্ব ম্যালেরিয়া দিবস পালন করা হয়। রাজ্য থেকে ম্যালেরিয়া রোগ নির্মূল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার জন্য রাজ্যপাল আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ন্যাশনাল হেলথ মিশনের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস। স্টেট ম্যালেরিয়া অফিসার ডা. অভিজিৎ দাস ম্যালেরিয়া নির্মূল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। পশ্চিম ত্রিপুরা জেলার চিফ ম্যাডিকেল অফিসার ডা. রঞ্জন বিশ্বাস, রাজভবনের ম্যাডিকেল অফিসার ইনচার্জ ডা. অম্লান দত্ত, ম্যাডিকেল অফিসার ডা. মানিক রায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
